ইত্তেফাক

তাং ২৭/১০/৮০

পৃষ্ঠা

## প্রসঙ্গ ঃ উদয়ন বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থিত উদয়ন বিদ্যালয় একটি উল্লেখযোগ্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান পরিচালনায় বর্তমানে বেশ কিছু অব্যবস্থা লক্ষ্য করা যাইতেছে এবং ইহার ফলে বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হইয়াছে। ছাত্র ভর্তির জন্য মোটা অংকের ডোনেশন আদায়, পাকা রশিদের পরিবর্তে স্কুল প্যাডে ডোনেশনের রশিদ প্রদান, হিসাবপত্রের গরমিল, ম্যানেজিং কমিটির অনুমতি ছাড়াই শিক্ষক নিয়োগ, ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত সমূহ কার্যকরী করণে গড়িমসি, টিচার্স বেনিফিটের টাকা অবৈধভাবে কর্তন, শিক্ষয়িত্রীদের প্রতি হুমকি,-কোন কোন শিক্ষয়িত্রীর বাড়ীতে অজ্ঞাতনামা ব্যক্তিদের পাঠাইয়া বা টেলিফোনে হুমকি প্রদর্শন প্রভৃতি অভিযোগ রহিয়াছে। উদয়ন বিদ্যালয়ের শিক্ষয়িত্রীগণ একযোগে এসব অভিযোগ তদন্তের দাবীজানাইয়া মাননীয় প্রধানমন্ত্রী তথা শিক্ষা মন্ত্রীর নিকট দাবী নামা পেশ করিলে শিক্ষা মন্ত্রণালয় অভিযোগ সম্পর্কে পৃথক পৃথকভাবে তদন্ত করার জন্য ঢাকা মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং জয়েন্ট ডি, পি আইকে নির্দেশ দেন। ইতিমধ্যে বোর্ড তাদের রিপোর্ট দাখিল করিয়াছে বলিয়া জানা গিয়াছে। দুঃখের বিষয়, জয়েন্ট ডি, পি, আইয়ের পরিবর্তে ডি, পি আই নিজেই নাকি এ ব্যাপারে হস্তক্ষেপ করিয়া একটি 'মিটমাট' করার চেষ্টায় এমন কি বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষয়িত্রীর বাসায় পর্যন্ত গিয়াছেন। আমাদের প্রশ্ন, তদন্তের পরিবর্তে 'মিটমাটে'র এই প্রচেষ্টা কার স্বার্থে?

শিক্ষা মন্ত্রণালয় সমীপে অভিভাবকদের পক্ষ হইতে আমাদের আবেদন, উদয়ন বিদ্যালয় সম্পর্কে শিক্ষয়িত্রীদের অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে শিক্ষা ও অর্থ মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলারের একজন প্রতিনিধি সমবায়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটির দ্বারা সুষ্ঠু তদন্ত করাইয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বিদ্যালয় শিক্ষার পরিবেশ পুনঃ প্রতিষ্ঠিত করা হউক।

—শফিকুর রহমান, ১/১৭, মীরপুর, ঢাকা।